This Question Paper consists of **15** questions and **8** printed pages.

এই প্রশ্নপত্রটিতে **15** টি প্রশ্ন এবং **8** টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

**Roll No.**
**রোল নং.**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

**Code No.** **কোড নং. 67/S/A/B**

**SET/সেট A**

# BENGALI

# বাংলা

# (203)

**Day and Date of Examination :** ____________________

**(পরীক্ষার দিন ও তারিখ)**

**Signature of Invigilators :** **1.** ____________________

**(তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর)**

**2.** ____________________

---

**সাধারণ নির্দেশাবলী :**

1. **সমস্ত** প্রশ্নের উত্তর আপনাকে দেওয়া উত্তর-পুস্তিকাতেই দিতে হবে।
2. এই প্রশ্নপত্রটি পড়ার জন্য **15** মিনিট সময় দেওয়া হয়েছে। প্রশ্ন পত্রটি দুপুর **02.15** মিনিটে বিতরণ করা হবে। দুপুর **02.15** মিনিট থেকে **02.30** পর্যন্ত পরীক্ষার্থীরা শুধু প্রশ্নপত্রটি পড়বেন, সেই সময় কালে পরীক্ষার্থীরা উত্তর পুস্তিকায় কোনো উত্তর লিখতে পারবে না।
3. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।
4. প্রশ্ন-পুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলী পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।
5. বিষয়মূলক (Objective Type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য (A), (B), (C) এবং (D) -এর যে কোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর-পুস্তিকায় সেটি নির্দেশ করুন।
6. সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়ের মধ্যেই দিতে হবে।
7. নির্দিষ্ট স্থান ছাড়া অন্য স্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নম্বর লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
8. উত্তর-পুস্তিকায় প্রশ্ন-পুস্তিকার কোড নং. **67/S/A/B-A** লিখুন।

# BENGALI

# বাংলা

# (203)

**সময় : 3 ঘণ্টা ]** **[ পূর্ণমান : 100**

**দ্রষ্টব্য :** (i) সমগ্র প্রশ্নপত্রটি তিন ভাগে বিভক্ত।

(ii) এখানে মোট **15** টি প্রশ্ন রয়েছে।

(iii) সব প্রশ্ন বাধ্যতামূলক।

(iv) প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।

(v) প্রশ্ন সংখ্যা **1** থেকে **9**-এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য **1** নম্বর ধার্য করা হয়েছে। এগুলি মূলত এক শব্দ বিশিষ্ট প্রশ্ন। সত্য-মিথ্যা, ছক মেলানো, শূন্যস্থান পূরণ জাতীয়।

(vi) বিভাগ-'গ'-এ **2, 4, 6** নম্বরের প্রশ্ন আছে। **14** নং এবং **15** নং প্রশ্নের মান - **6**।

## বিভাগ -'ক'

**1.** পাঠ্যক্রম অবলম্বনে প্রথম তালিকার সাথে দ্বিতীয় তালিকার সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন। **5x1=5**

| | প্রথম তালিকা | | দ্বিতীয় তালিকা | |
|---|---|---|---|---|
| (a) | শুধু ভাঙা নয় | (i) | চলে যেতে হবে আমাদের | **1** |
| (b) | ছাড়পত্র | (ii) | তুমি তাহার পাশে এসে দাড়াও | **1** |
| (c) | ওরা কাজ করে | (iii) | একটুও যার ভাঙা নয় | **1** |
| (d) | দাড়াও | (iv) | টানে দাড় ধরে থাকে হাল | **1** |
| (e) | কাণ্ডারী হুশিয়ার | (v) | তব সম্মুখে ঐ পলাশীর প্রান্তর | **1** |

**2.** নিম্নোক্ত মন্তব্যগুলির মধ্যে কোনটি সত্য খুঁজে বার করুন। একই সাথে মিথ্যা মন্তব্যটি চিহ্নিত করুন। (যেকোনো 5 টি) **5x1=5**

(a) ব স্বরবর্ণের মধ্যে 'ই'-হল হ্রস্বস্বর। **1**

(b) 'ক'-হল স্বরধ্বনি। **1**

(c) বাংলা বর্ণমালায় মোট দুটি যৌগিকস্বর আছে। **1**

(d) বিশেষ্য পদকে সর্বনাম পদে রূপান্তরিত করা যায়। **1**

(e) 'ঙ'- একটি নাসিক্য বর্ণ। **1**

(f) বর্ণ হল ধ্বনির লিখিত রূপ। **1**

3. নিম্নোক্ত মন্তব্যগুলির শুদ্ধ-অশুদ্ধ বিচার করুন। (যেকোনো **11** টি) **11x1=11**

(a) পালামৌ ছেড়ে ছেলে বউ মেয়েকে নিয়ে পুর্তি চোট্টি নদীর তীরে ঘর তৈরি করেছিল। **1**

(b) নাটকে মোট তিনজন শোনপাংশুকে কথা বলতে দেখা যায়। **1**

(c) হিন্দি রেকর্ডটি বন্ধ হয়ে গিয়েছিল। **1**

(d) 'জ্যাক' দুদিন ছুটি পেয়েছিল। **1**

(e) নবাবগঞ্জ আশ্রমের মুখপত্রের নাম 'হাতেখড়ি'। **1**

(f) 'ধ্বংস' গল্পটি রবীন্দ্রনাথের গল্পসমগ্র থেকে গৃহীত। **1**

(g) চোর বাজার অবস্থিত বৌবাজার স্ট্রীট ও শেয়ালদার মোড়ে। **1**

(h) 'ছোঁওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র'-এর মূল নাটক অচলায়তন। **1**

(i) তীরন্দাজি প্রতিযোগিতায় পুরস্কার দেওয়া হত একটি মুরগি। **1**

(j) 'চোট্টি মুণ্ডা এবং তার তীর' - গল্পটি রচনা করেন মহাশ্বেতা দেবী। **1**

(k) 'এ পথ গেছে কোনখানে গো কোনখানে' - গানটি প্রথম শোনপাংশু গেয়েছে । **1**

(l) চোট্টি - একটি ছোট্ট গ্রামের নাম। **1**

(m) নাটকে মোট তিনজন শোনপাংশুকে কথা বলতে দেখা যায়। **1**

4. প্রথম বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দভাণ্ডার থেকে **যেকোনো একটি** শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ করুন। (যেকোনো **5** টি) **5x1=5**

(a) "__________ ফাঁদ পাতছে তুমি পাখির মতো পাশে দাড়াও।" **1**

(মানুষ/জানোয়ার/সিংহ/শিকারী)

(b) তাদের __________ কাছে ধরে দিও ধুনোর একটি গন্ধ । **1**

(নাকের/মুখের/চোখের/বুকের)

(c) ইহাদের পথে নিতে হবে সাথে দিতে হবে __________। **1**

(সুবিধার/অধিকার/সবাকার/অপরাধ)

(d) '__________ জুড়ে আরো ভালো একটি ছবি।' **1**

(দেশ/মন/জীবন/পৃথিবী)

(e) লঙ্ঘিতে হবে রাত্রি __________ যাত্রীরা হুশিয়ার। **1**

(দিন/নিশীথে/ভুলে/হলে)

(f) পেয়েছি নতুন __________ আসন্ন শূন্যের। **1**

(পত্র/চিঠি/বার্তা/খবর)

5. নিচের মন্তব্যগুলি ক্রমানুসারে সাজান। প্রতিটি মন্তব্য 'রেকর্ড' গল্প থেকে নেওয়া। **4x1=4**

(a) একটা অচেনা অজানা পুরনো রেকর্ড কিনে আচ্ছা জ্বালা হল তো। **1**

(b) রেকর্ড শুনে চমকে উঠলেন। **1**

(c) ওই রেকর্ডটা; ভারী অস্বস্তি লাগছে। **1**

(d) হিন্দি রেকর্ডটা থেমে গিয়েছে। **1**

## বিভাগ -'খ'

**6.** সঠিক উত্তর বেছে নিয়ে নিচের তথ্যগুলি পূরণ করুন। **6x1=6**

(i) ছোট্ট যে রঙের উঠোনে হামাগুড়ি দেয় তা - **1**

(A) হলুদ (B) সবুজ

(C) মাটির (D) পাথরের

(ii) 'দাড়াও' কবিতাটি রচনা করেছেন - **1**

(A) শক্তি চট্টোপাধ্যায় (B) রবীন্দ্রনাথ ঠাকুর

(C) সুভাষ মুখোপাধ্যায় (D) জীবনানন্দ দাশ

(iii) 'ছাড়পত্র' কথাটির অর্থ কী ? **1**

(A) অনুমতি পত্র (B) অনধিকার পত্র

(C) ছেড়ে দেওয়া চিঠি (D) ছিড়ে যাওয়া চিঠি

(iv) 'অনল নিশ্বাসী রথে'-চড়ে কারা আসবেন ? **1**

(A) মোঘল (B) পাঠান

(C) ফরাসী (D) ইংরেজ

(v) 'জন্মভূমি আজ' - কবিতাটি কত সালে প্রকাশিত হয় ? **1**

(A) ১৯৭৭ (B) ১৯৭৬

(C) ১৯৭৯ (D) ১৯৭৮

(vi) 'কাণ্ডারী হুশিয়ার' - কবিতার মূল গ্রন্থের নাম - **1**

(A) সাম্যবাদী (B) অগ্নিবীনা

(C) সর্বহারা (D) বিষের বাঁশি

**7.** যুক্তি ও মন্তব্য শুদ্ধ কিনা বিচার করুন। (যেকোনো **5** টি) **5x1=5**

(i) **যুক্তি ঃ** মহাশ্বেতা দেবী মুণ্ডা সম্প্রদায়ের ন্যায় অধিকার অর্জনের স্বপক্ষে লড়াইয়ের কথা অরণ্যের অধিকার গ্রন্থে বলেছেন। **1**

**মন্তব্য ঃ** মহাশ্বেতাদেবী নিজে মুণ্ডা সম্প্রদায়ের অংশ ছিলেন।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(ii) **যুক্তি ঃ** প্রথম বিশ্বযুদ্ধে পিয়েরকে যেতে হয়েছিল। **1**

**মন্তব্য ঃ** এইসব দেশে যুদ্ধ লাগলে সাধারণ মানুষ-যুবকদের যুদ্ধে যোগদান করতে হত।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(iii) **যুক্তি ঃ** জীবনে সুন্দর অসুন্দর উভয়ই আছে। **1**

**মন্তব্য ঃ** শুধু সুন্দরকে প্রতিষ্ঠা করতে হবে;অসুন্দরকে দূরে সরিয়ে দিতে হবে।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(iv) **যুক্তি ঃ** গান হল জীবনের জয়ের গান। **1**

**মন্তব্য ঃ** যে মানুষ গান গাইতে জানে না সৃষ্টি ও ভালোবাসার আবেগ সঞ্চারিত হয় না, যারা বিপদের সময় বোবা এবং অন্ধ হয়ে যায়।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(v) **যুক্তি ঃ** খেসারি ডাল পঞ্চকরা বাড়িতে ঢোকায় না। **1**

**মন্তব্য ঃ** খেসারি ডাল খেলে ঘোরতর অসুখ করতে পারে।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি অশুদ্ধ মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

(vi) **যুক্তি ঃ** মেয়েটি হলুদ রজনীগন্ধা তৈরির চেষ্টা করেছিল। **1**

**মন্তব্য ঃ** মেয়েটি তার বাবাকে অবাক করে দিয়েছিল।

(A) যুক্তি শুদ্ধ মন্তব্য অশুদ্ধ (B) যুক্তি শুদ্ধ

(C) যুক্তি ও মন্তব্য শুদ্ধ (D) মন্তব্য শুদ্ধ

**8.** পরবর্তী লাইনটি খুঁজে ঠিক (✓) চিহ্ন দিন। (যেকোনো **5** টি) **5x1=5**

(i) আস্ত একটি জীবনকে ঘরে আনা যাক। **1**

(a) একটুও যার ভাঙা নয়

(b) ভেঙোনাকো শুধু ভাঙা নয়।

(ii) আমি কিন্তু মনে মনে বুঝেছি সে ভাষা। **1**

(a) পেয়েছি নতুন চিঠি আসন্ন যুগের

(b) জন্ম মাত্র সুতীব্র চিৎকারে।

(iii) সে ভাষা বোঝে না - **1**

(a) কেউ হাসে, কেউ কাঁদে দূরে হাহাকার

(b) কেউ হাসে, কেউ করে মৃদু তিরস্কার।

(iv) একবার মাটির দিকে তাকাও - **1**

(a) তুমি মাটির দিকে তাকাও

(b) একবার মানুষের দিকে তাকাও।

(v) মৃত্যুটা যত বড়ই হোক না - **1**

(a) জীবনের চেয়ে এমন কিছু সে/চ্যাঙা নয়,

(b) জীবনের চেয়ে এমন কিছু সে/বড় নয়।

(vi) বিপুল জনতা চলে - **1**

(a) অঙ্গ বঙ্গ কলিঙ্গের সমুদ্র নদীর ঘাটে ঘাটে

(b) নানা পথে নানা দলে দলে।

**9.** প্রবন্ধ থেকে গৃহীত সম্ভাব্য উত্তরগুলির মধ্যে সঠিক উত্তর বেছে নিয়ে লিখুন। (যেকোনো **4** টি) **4x1=4**

(i) মহেঞ্জোদারো'র অবস্থান সিন্ধু দেশের অন্তর্গত - **1**

(A) লার্কানায় (B) মন্টেগোমারিতে

(C) নীলনদের তীরে (D) পাঞ্জাব প্রদেশে

(ii) 'ভারতীয় সংস্কৃতির ধারা' প্রবন্ধের লেখক - **1**

(A) রবীন্দ্রনাথ ঠাকুর (B) রামমোহন রায়

(C) অন্নদাশঙ্কর রায় (D) বিদ্যাসাগর

(iii) 'মিলনের কথা' প্রবন্ধে যারা চাষ করেন তাদের একজনের নাম - **1**

(A) বিষ্ণু মণ্ডল (B) শ্রী হরি মণ্ডল

(C) শ্রীনাথ মণ্ডল (D) রহিম মণ্ডল

(iv) আর্যপূর্ব ও আর্য মিলে হয় - **1**

(A) প্রাচীন হিন্দু (B) হিন্দু

(C) হিন্দুস্থানী (D) মুসলমান

(v) হিন্দু ও মুসলমানের দুটি বড় উৎসব আছে, একটি দুর্গোৎসব; অন্যটি হল - **1**

(A) যীশুর জন্মদিন পালন (B) ঈদ

(C) দোল (D) সরস্বতী পূজা

## বিভাগ -'গ'

**10.** প্রতিটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন। **6x2=12**

(a) রমজান বলতে কী বোঝায় ? **2**

(b) পঞ্চক কোন কোন কাজ খারাপ বলে জানতে পেরেছিল ? **2**

(c) ক্যামিল তার পিতাকে কী কী ভাবে সাহায্য করত ? **2**

(d) ভারতীয় সংস্কৃতি মিশ্র সংস্কৃতি কেন ? - দুটি উদাহরণ দিন। **2**

(e) শোনপাংশুদের দলং চাষ করে কেন ? **2**

(f) 'মিলনের কথা' পাঠ্যের মূল বিষয়বস্তু একটি বাক্যে লিখুন। **2**

**11.** পদ পরিবর্তন করে সেই পদ দিয়ে নতুন বাক্য রচনা করুন। (যেকোনো **5** টি) **5x2=10**

(a) চিত্র **2**

(b) ঢাকাই **2**

(c) সুন্দর **2**

(d) সমল **2**

(e) অন্তর **2**

(f) ভয় **2**

**12.** (a) বাংলা বর্ণমালায় বর্ণ কয় ভাগে বিভক্ত ও কি কি? প্রতিটি ভাগের দুটি করে বৈশিষ্ট্য লিখুন। **4+4=8**

**অথবা**

(b) সাধুভাষা বলতে কী বোঝায় ? সাধু ও চলিত ভাষার তিনটি করে পার্থক্য লিখুন। **4+4=8**

**13.** **যেকোনো চারটি** প্রবাদ প্রবচনের অর্থ লিখে একটি করে বাক্য রচনা করুন। **4x2=8**

(a) পাকা ধানে মই **2**

(b) গোড়ায় গলদ **2**

(c) উত্তম মধ্যম **2**

(d) অগস্ত্য যাত্রা **2**

(e) চাঁদের হাট **2**

(f) কলুর বলদ **2**

**14.** নিচের অংশটি পড়ে বিষয় সংক্ষেপে লিখুন ঃ **1x6=6**

অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড় হয়ে দাঁড়ায়। ভবিষ্যতকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যত, কাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিন তো আজই। ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়। মানসিক দুশ্চিন্তায় ও স্নায়বিক দুর্বলতায়। অতএব অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও ;আর শুরু কর দৈনিক জীবন নিয়ে বাঁচতে। **6**

**15.** নিচের **যেকোনো একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করুন। **1x6=6**

(a) জাতীয় সংহতি ঃ **6**

(ভূমিকা - জাতীয় সংহতির স্বরূপ - সংহতির বাধা - জাতীয় শিক্ষার প্রয়োজনীয়তা ও নিরক্ষরতা দূরীকরণ - উপসংহার।)

(b) প্রাত্যাহিক জীবনে যোগ ব্যায়াম ঃ **6**

(ভূমিকা - যোগ - যোগের উপকারিতা - যোগের সাথে গ্রহণীয় খাদ্যাদি - উপসংহার।)

(c) ছাত্রদের সামাজিক দায়িত্ব ঃ **6**

(ভূমিকা - সমাজ ও ছাত্রদের শিক্ষা - সামাজিক সংকট ও ছাত্র সমাজ - করনীয় কাজ - উপসংহার।)

(d) একটি সামুদ্রিক অঞ্চলে ভ্রমণের অভিজ্ঞতা ঃ **6**

(ভূমিকা - প্রস্তুতি - যাত্রা - অভিজ্ঞতার বর্ণনা - উপলব্ধি - উপসংহার।)

**- o 0 o -**